# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) সম্প্রতি নতুন দিল্লিতে অবস্থিত ভারতীয় জাদুঘর 'Silver Treasures from Denmark and India' নামক প্রদর্শনীর জন্য ডেনমার্কের কোল্ডিং জাদুঘরের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।
2. (d) সম্প্রতি Shriram Life Insurance নামক বিমা কোম্পানি 'Annuity Service Provider (ASP)' এর জন্য PFRDA এর কাছ থেকে অনুমোদন লাভ করেছে।
3. (c) সম্প্রতি পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফিন্যান্স লিমিটেড গ্রাহকদের ডিজিটাল লোন প্রদান করার জন্য নভি গ্রুপের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। গ্রাহকরা সর্বাধিক ৭২ মাসের জন্য ২০ লক্ষ টাকা অবধি লোন গ্রহণ করতে পারবেন।
4. (b) সম্প্রতি থাইল্যান্ডের পাটায়াতে অনুষ্ঠিত ইন্টারন্যাশানাল কনফারেন্স অন ফ্যামিলি প্ল্যানিং-এ আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় ভারত 'এক্সিলেন্স ইন লিডারশিপ ই ফ্যামিলি প্ল্যানিং অ্যাওয়ার্ডস-২০২২' এর 'কান্ট্রি' বিভাগে পুরস্কৃত হয়েছে। *অ্যাচিভার্স*
5. (d) সম্প্রতি মুম্বাইয়ের টাটা থিয়েটারে অনুষ্ঠিত 'টাটা লিটারেচার লাইভ! দ্য মুম্বাই লিটফেস্ট' এ আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় হারপারকলিন্স পাবলিশার্স ইন্ডিয়া 'পাবলিশার অফ দ্য ইয়ার-২০২২' হিসাবে পুরস্কৃত হল।
6. (a) সম্প্রতি বিশিষ্ট কত্থক নৃত্য শিল্পী উমা শর্মা ভারতীয় ধ্রুপদ সংগীত শিল্পে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ ২০২২ সালের সুমিত্রা চরৎ রাম অ্যাওয়ার্ডে ভূষিত হলেন।
7. (a) ১৯ নভেম্বর সারা বিশ্ব জুড়ে ইন্টারন্যাশানাল মেন'স ডে পালিত হল যার এছরের থিম হল-'Helping Men and Boys'.
8. (d) সম্প্রতি 'Pratham' নামক এনজিও সংস্থা 'ইন্দিরা গান্ধী প্রাইজ ফর পিস, ডিজআর্মামেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট অফ ২০২১' ভূষিত হল।
9. (d) সম্প্রতি ভারতের বিশিষ্ট শিশুরোগ বিশেষজ্ঞ অঙ্গরাজ খিল্লান ২০২৩ সালের 'ভিক্টোরিয়ান অস্ট্রেলিয়ান অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন।
10. (c) সম্প্রতি ১৯৯৫ সালের ব্যাচের তথা অবসরপ্রাপ্ত আইএএস অফিসার অরুণ গোয়েল ভারতের নির্বাচন কমিশনার হিসাবে নিযুক্ত হয়েছেন।
11. (a) সম্প্রতি ভারতীয় ক্রিকেটার কুলদীপ যাদব 'রিয়েল ইলেভেন'-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রচারাভিযান কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। *অ্যাচিভার্স*
12. (b) ৯-১৯ নভেম্বর দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ২০২২ সালের ১৫তম এশিয়ান এয়ারগান চ্যাম্পিয়নশিপে ভারত মোট ৩৮টি মেডেল (সোনা-২৫টি, রুপো-৯, ব্রোঞ্জ-৪টি) জয়লাভ করেছে। *অ্যাচিভার্স*
13. (c) সম্প্রতি Portulans Institute কর্তৃক প্রকাশিত 'Network Readiness Index-2022' ভারত ৬১তম স্থানে রয়েছে, যে তালিকায় মার্কিন যুক্তরাষ্ট্র প্রথম স্থানে রয়েছে।
14. (b) সম্প্রতি কর্ণাটক বিকাশ গ্রামীণ ব্যাঙ্ক অটল পেনশন যোজনায় নাম নথিভুক্তকরণ ক্ষেত্রে অসামান্য সাফল্য লাভের জন্য পিএফআরডিএ'র কাছ থেকে জাতীয় পুরস্কার পেয়েছে।
15. (a) সম্প্রতি ভারতের বিশিষ্ট অধ্যাপক এবং CSIR-NPL এর ডিরেক্টর বেণু গোপল আচান্ত 'International Committee for Weights and Measures' এর সদস্য হিসাবে নিযুক্ত হলেন। *অ্যাচিভার্স*
16. (d) সম্প্রতি ইটালিতে অনুষ্ঠিত এটিপি ফাইনাল টেনিস টুর্নামেন্টের পুরুষদের সিঙ্গলসে নরওয়ের ক্যাসপার রুডকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন সার্বিয়ার নোভাক জকোভিচ।
17. (a) ৯-১৭ নভেম্বর মেঘালয়ের শিলংয়ে অনুষ্ঠিত ২০২২ সালের নর্থ-ইস্ট অলিম্পিক গেমসে সর্বাধিক মেডেল পেয়েছে মনিপুর রাজ্য। তারা সোনা-৮৮, রুপো-৭৫, ব্রোঞ্জ-৭৭ সহ মোট ২৪০টি মেডেল পেয়েছে। এই নিয়ে তারা পরপর দু'বার মেডেল তালিকায় প্রথম স্থান অধিকার করল।
18. (a) বিভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্যবাহী মনুমেন্ট ও গুরুত্বপূর্ণ স্থানের সংরক্ষণের জনসচেতনতা গড়ে তুলতে ১৯-২৫ নভেম্বর সারা বিশ্ব জুড়ে ওয়ার্ল্ড হেরিটেজ উইক পালিত হল।
19. (a) সম্প্রতি তামিলনাড়ু রাজ্য সরকার মাদুরাই জেলায় আরিত্তাপট্টি বায়োডাইভারসিটি হেরিটেজ সাইট গড়ে তোলার অনুমোদন প্রদান করল। এর মোট আয়তন ১৯৩.২১৫ হেক্টর।
20. (c) সম্প্রতি এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক গ্রাহকদের মুখাবয়ব প্রমাণীকরণ নির্ভর সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট ওপেন করা শুরু করেছে।
21. (c) সম্প্রতি 'The Paradise of Food' নামক গ্রন্থের জন্য বিশিষ্ট উর্দু লেখক খালিদ জাভেদ জেসিবি প্রাইজ-২০২২ এ ভূষিত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, গ্রন্থটি উর্দু থেকে ইংরেজিতে অনুবাদ করেছেন বরন ফারুক। *অ্যাচিভার্স*
22. (b) সম্প্রতি ফিকি কর্তৃক 'লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইনফর্মেশন টেকনোলজির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান রাজেন্দ্র সিং পাওয়ার।
23. (a) 'Homer' শব্দটি কেমব্রিজ ডিকশনারির বিচারে ওয়ার্ড অফ দ্য ইয়ার হিসাবে নির্বাচিত হয়েছে। এই শব্দটি ২০২২ সালের মে মাসের প্রথম সপ্তাহে ৭৫,০০০ বার সার্চ করা হয়েছে।
24. (d) সম্প্রতি প্রয়াত গুলাম আব্বাস মুন্তাসির বাস্কেটবল ক্রীড়া

ক্ষেত্রে ১৯৭০ সালে অর্জুন পুরস্কার পয়েছেন। তিনি দীর্ঘদিন ভারতীয় বাস্কেটবল দলের ক্যাপ্টেন হিসাবে দায়িত্ব পালন করেছেন। অ্যাচিভার্স

25. (b) সম্প্রতি কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল উত্তর-পূর্ব ভারতের অসমের শিলচরে প্রথম 'রিজিওনাল রিসার্চ ইনস্টিটিউট অফ উনানি মেডিসিন'-এর শুভ সূচনা করলেন।

26. (a) ২১ নভেম্বর থেকে ৩ ডিসেম্বর পর্যন্ত ইন্দোনেশিয়ার জাভাতে ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে অষ্টম যৌথ সামরিক মহড়া 'গারুদা শক্তি' আয়োজিত হল।

27. (a) সম্প্রতি কানাড়া ব্যাঙ্ক ন্যাশনাল ই-গভর্ন্যান্স সার্ভিসেস লিমিটেডের যৌথ সহযোগিতায় ইলেকট্রনিক ব্যাঙ্ক গ্যারান্টি পরিষেবা চালু করল।

28. (d) ১৯৯৩ সালের ব্যাচের ইন্ডিয়ান রেলওয়ে সার্ভিসেস অফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার্স বিনীত কুমার খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনের চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন।

29. (d) ১৬ নভেম্বর 'ওয়ার্ল্ড ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ ডে' পালিত হল, যার এবছরের থিম হল— 'Your Lungs for life'.

30. (c) সম্প্রতি ওড়িশা রাজ্য সরকার অ্যানিমিয়া দূরীকরণের উদ্দেশ্যে 'AMLAN' (Anaemia Mukta Lakshya Aviyan) মিশন গ্রহণ করেছে। এই মিশনের আওতায় গর্ভবতী মহিলা স্তন্যদায়ী মা এমনকী অনাথ শিশুরাও অন্তর্ভুক্ত হয়েছে।

31. (a) ১৯-২৪ নভেম্বর ওমান উপকূলে ভারত ও ওমান নৌবাহিনীর মধ্যে দ্বিপাক্ষিক নৌমহড়া 'নামিস আল বাহার' আয়োজিত হল। এর তিনটি ফেজ, যথা- হার্বার ফেজ, সী ফেজ এবং ডেবরিফ।

32. (d) সম্প্রতি হোন্ডা কারস ইন্ডিয়া লিমিটেড ক্রেতাদের গাড়ি কেনার ক্ষেত্রে আর্থিক সহায়তার জন্য আইডিবিআই ব্যাঙ্কের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

33. (a) মালয়েশিয়ার রাজা সুলতান আবদুল্লা সুলতান আহমেদ শাহ সেদেশের প্রধানমন্ত্রী হিসাবে আনোয়ার বিন ইব্রাহিমকে নিযুক্ত করলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ইসমাইল সাবরি ইয়াকুবের স্থলাভিষিক্ত হলেন।

34. (b) সম্প্রতি বাংলাদেশের ঢাকায় ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন -কাউন্সিল অফ মিনিস্টার্স মিটিং-২০২২ অনুষ্ঠিত হয়ে গেল। এখানে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন কেন্দ্রীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী ডক্টর রাজকুমার রঞ্জন সিং।

35. (a) কাসেম-জোমার্ট কেমেলুলি তোকায়েব কাজাখস্তানের রাষ্টপতি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী নূর সুলতান নাজারবায়েবের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

36. (d) সম্প্রতি মীনেশ সি শাহ ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের এমডি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার এগজিকিউটিভ ডিরেক্টর ছিলেন।

37. (c) টাটা কনজিউমার প্রোডাক্টস লিমিটেড সম্প্রতি পানীয় জল প্রস্তুতকারক সংস্থা বিসলারিকে ৭০০০ কোটি টাকার বিনিময়ে অধিগ্রহণ করল।

38. (d) ২৬ নভেম্বর সারা দেশজুড়ে 'সংবিধান দিবস'-এর এবছরের থিম হল— 'India – the Mother of Democracy'.

39. (d) সম্প্রতি কেরলের ইলেকট্রিসিটি বোর্ড ই-ভেহিক্যাল চার্জিং স্টেশন মনিটারিং-এর উদ্দেশ্যে ই-মবিলিটি অ্যাপ চালু করেছে।

40. (b) ২৮ নভেম্বর - ১২ ডিসেম্বর পর্যন্ত ভারত ও মালয়েশিয়ার মধ্যে যৌথ সামরিক মহড়া 'Harimau Shakti-2022' আয়োজিত হল। অ্যাচিভার্স

41. (c) সম্প্রতি অস্ট্রেলিয়াকে পরাজিত করে কানাডা ডেভিস কাপ টেনিস টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হল।

42. (c) সম্প্রতি বিহার রাজ্য সরকার 'হর ঘর গঙ্গা জল প্রোজেক্ট' বাস্তবায়িত করার জন্য ৪,১৭৪ কোটি টাকা বরাদ্দ করেছে।

43. (a) সম্প্রতি রাজস্থানের বিকানীরে মহাজন ফিল্ড ফায়ারিং রেঞ্জ-এ ভারত ও অস্ট্রেলিয়ার সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক প্রশিক্ষণ মহড়া 'Austra Hind-2022' অনুষ্ঠিত হল।

44. (a) সম্প্রতি উত্তরপ্রদেশের আগ্রাতে ভারতীয় বায়ুসেনাবাহিনী বার্ষিক জয়েন্ট হিউম্যানিটারিয়ান অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড ডিজাস্টার রিলিফ এক্সারসাইজ 'Samanvay - 2022' আয়োজন করল।

45. (c) সম্প্রতি FSSAI কর্তৃক হিমালয়ান ইয়াককে 'ফুড অ্যানিম্যাল' হিসাবে ঘোষণা করা হয়েছে।

46. (b) সম্প্রতি বেসরকারি কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক গ্রাহকদের ডিলার ফিনান্স পরিষেবা প্রদানের জন্য actyv.ai এর সঙ্গে মউ স্বাক্ষর করল।

47. (d) ২৯ নভেম্বর রাষ্ট্রসংঘ কর্তৃক 'ইন্টারন্যাশনাল ডে অফ সলিডারিটি উইথ দ্য প্যালেস্টাইন পিপল - ২০২২' পালিত হল।

48. (d) অস্ট্রেলিয়ার গ্রেট বেরিয়ার রিফ ওয়ার্ল্ড হেরিটেজ সাইটটি ইউনেস্কোর 'ইন ডেঞ্জার' তালিকায় অন্তর্ভুক্ত হতে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য, এটি বিশ্বের বৃহত্তম প্রবাল প্রাচীর বাস্তুতন্ত্র।

49. (d) এসবিএম ব্যাঙ্ক ইন্ডিয়া, ওপেন ফিনান্সিয়াল টেকলজিজ প্রাইভেট লিমিটেডের সহযোগিতায় 'Zwitch' নামক ফিনান্স প্লাটফর্ম চালু করেছে। অ্যাচিভার্স

50. (c) সম্প্রতি ইয়েস ব্যাঙ্ক TurtleFin এর যৌথ সহযোগিতায় EasyNsure নামক কম্প্রিহেনশিভ টেকনোলজি প্লাটফর্ম গড়ে তুলেছে।

51. (d) সম্প্রতি প্রয়াত জিয়াং জেমিং চীনের একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ১৯৯৩-২০০৩ সাল পর্যন্ত সেদেশের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন।

52. (c) অঙ্গদান সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে সারা দেশজুড়ে ২৭ নভেম্বর 'ন্যাশনাল অর্গান ডোনেশন ডে' পালিত হল।

53. (b) সম্প্রতি তামিলনাড মার্কেন্টাইল ব্যাঙ্ক সরকারি ব্যবসায়িক কাজের জন্য আরবিআই-এর কাছ থেকে অনুমোদন লাভ করেছে। অ্যাচিভার্স

54. (c) প্যান কার্ড ইস্যু করার ক্ষমতা বাড়ানোর জন্য Protean eGov Technologies ফিনো পেমেন্টস ব্যাঙ্কের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে।

55. (d) সারা বিশ্বজুড়ে এইডস রোগ সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে ১ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড এইডস ডে'র এবছরের থিম হল— 'Equalize'। অ্যাচিভার্স

56. (b) সম্প্রতি উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সারা রাজ্য জুড়ে ক্রীড়া ক্ষেত্রের গঠনমূলক উন্নয়নের উদ্দেশ্যে 'ওয়ান ডিস্ট্রিক্ট, ওয়ান স্পোর্ট' চালু করেছেন।

57. (a) ১৩-২০ নভেম্বর মহারাষ্ট্রের দেবলালি ফিল্ড ফায়ারিং রেঞ্জে ভারত ও সিঙ্গাপুরের মধ্যে দ্বিপাক্ষিক সামরিক মহড়া 'অগ্নি ওয়ারিয়র-২০২২'আয়োজিত হল।

58. (b) সম্প্রতি ব্যাঙ্ক অফ বরোদা ভারতীয় মুদ্রার বিনিময়ে ফরেন কারেন্সি লোন চালু করেছে। ভারতের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হিসাবে প্রথম এই পরিষেবা চালু করল?

59. (a) সম্প্রতি জিএসটি কাউন্সিল সিটি ইউনিয়ন ব্যাঙ্ককে জিএসটি পেমেন্ট পরিষেবা প্রদানের অনুমোদন প্রদান করেছে।

60. (b) জনমানসে কম্পিউটার ব্যবহারের জনসচেতনতা গড়ে তুলতে সারা বিশ্বজুড়ে ২ ডিসেম্বর 'ওয়ার্ল্ড কম্পিউটার লিটারেসি ডে' পালিত হল। ২০০১ সালে এই দিবসটি প্রথম পালন করা শুরু হয়েছিল।

61. (d) সম্প্রতি গুজরাটের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত ২০২২-২০২৩ মরসুমের বিজয় হাজারে ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় মহারাষ্ট্রকে পরাজিত করে চ্যাম্পিয়ন হল সৌরাষ্ট্র।

62. (b) সদ্য প্রয়াত ওড়িয়া চলচ্চিত্র অভিনেত্রী ঝর্না দাস ওড়িশার বাসিন্দা ছিলেন। ১৯৬০ সালে তিনি চলচ্চিত্র জগতে প্রবেশ করেছিলেন। ১৯৯৭ সালে তিনি 'জয়দেব পুরস্কারে' ভূষিত হয়েছিলেন। অ্যাচিভার্স

63. (a) ৩ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ পার্সন ডিজএবিলিটিজ' পালিত হল, যার এবছরের থিম হল— 'Transformative solutions for inclusive development : the role of innovation in fueling and accessible and equitable world'.

64. (a) সম্প্রতি তামিলনাড়ু রাজ্য পুলিশের আইডল উইং সিআইডি অফিসারদের কর্মক্ষেত্রের অবদানকে সম্মান জানাতে 'ডিজিটাল মেডেল' চালু করেছে।

65. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল সিভিল অ্যাভিয়েশন অর্গানাইজেশন কর্তৃক প্রকাশিত 'ICAO Aviation Safety Ranking - 2022' অনুযায়ী ভারত ৪৮তম স্থানে রয়েছে, যে তালিকায় প্রথম স্থানে রয়েছে সিঙ্গাপুর।

66. (a) সম্প্রতি প্রকাশিত 'Prime Global Cities Index Q3-2022' এ ভারতের মুম্বাই শহরটি সমগ্র তালিকায় ২২তম স্থানে তথা ভারতের মধ্যে প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে আছে দুবাই।

67. (c) গোল্ড সিক্কা প্রাইভেট লিমিটেড সম্প্রতি হায়দরাবাদে রঘুপতি চেম্বার্সে ভারতের প্রথম গোল্ড এটিএম স্থাপন করেছে। এই এটিএম থেকে ০.৫ গ্রাম থেকে ১০০ গ্রাম অবধি সোনার কয়েন পাওয়া যাবে। অ্যাচিভার্স

68. (c) সম্প্রতি বিশিষ্ট বিজ্ঞানী কে ভি সুরেশ কুমার ভারতীয় নভিকিয়া বিদ্যুৎ নিগম লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন।

69. (c) সমাজসেবা ক্ষেত্রে সম্প্রতি প্রয়াত ফরাসি লেখক ডোমিনিক ল্যাপিয়ার ২০০৮ সালে 'পদ্মভূষণ পুরস্কারে' ভূষিত হয়েছিলেন। তিনি ১৯৮৫ সালে 'City of Joy' নামে এক গ্রন্থ রচনা করে সারা ভারতে সারা ফেলে দিয়েছিলেন।

70. (b) ৪ ডিসেম্বর সারা বিশ্বজড়ে 'ইন্টারন্যাশনাল ডে অফ ব্যাঙ্কস' পালিত হল। ব্যাঙ্কিং সিস্টেমকে উন্নত ও শক্তিশালী করার উৎসাহ জোগাতে এই দিবসটি পালিত হল। অ্যাচিভার্স

71. (d) সম্প্রতি Razorpay নামক ফিনটেক প্লাটফর্ম অ্যাক্সিস ব্যাঙ্কের সহায়তায় অনাবাসীদের ক্রেডিট কার্ড লেনদেন পরিষেবা প্রদান শুরু করেছে।

72. (c) সম্প্রতি বেসরকারি ফেডেরাল ব্যাঙ্ক লিমিটেড 'ফিফা ওয়ার্ল্ড কাপ - ২০২২' এর প্রচারাভিযানকে উদযাপন করতে 'Football Fiesta' কর্মসূচী চালু করেছে।

73. (c) অক্সফোর্ড ইংলিশ ডিকশনারির বিচারে 'Goblin Mode' শব্দটি ওয়ার্ড অফ দ্য ইয়ার ২০২২ হিসাবে নির্বাচিত হয়েছে। শব্দ নির্বাচনের ভোটে এই শব্দটি ৯৩ শতাংশ ভোট পেয়েছে।

74. (a) সম্প্রতি টেবিল টেনিস ফেডারেশন অফ ইন্ডিয়ার প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন মেঘনা আহলাবত এবং সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কমলেশ মেহতা।

75. (b) সম্প্রতি অনলাইন শপিং সংস্থা ফ্লিপকার্ট ভারতে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ ক্ষেত্রের উন্নতির জন্য ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এবং ওয়ালমার্টের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

76. (a) ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশন কর্তৃক প্রকাশিত ১০০ জন প্রভাবশালী মহিলার তালিকায় প্রিয়ঙ্কা চোপড়া জোনাস, গীতাঞ্জলি শ্রী, সিরিশা বান্দালা জায়গা করে নিলেও ভারতের ফাল্গুনি নায়ার এই তালিকায় স্থান পাননি।

77. (d) মার্কিন যুক্তরাষ্ট্রের হার্ডলার এম এম লেভেরন এবং সুইডেনের পোলভল্টার এ এম ডুপ্লেন্টিস ২০২২ সালের ওয়ার্ল্ড অ্যাথলিট অফ দ্য ইয়ার হিসাবে নির্বাচিত হয়েছেন।

78. (b) সম্প্রতি ফিলিপিন্সের ম্যানিলা অনুষ্ঠিত ২০২২ সালের 'মিস আর্থ' সুন্দরী প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্বের শিরোপাতে ভূষিত হলেন দক্ষিণ কোরিয়ার মীনা সুই চোই।

79. (b) সম্প্রতি ম্যাকক্যান ওয়ার্ল্ড গ্রুপ ইন্ডিয়ার সিইও এবং সিসিও প্রসূন যোশী উত্তরাখণ্ড রাজ্য সরকারের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন।

80. (d) ৭ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ইন্টারন্যাশনাল সিভিল অ্যাভিয়েশন ডে'র এবছরের থিম হল--- 'Advancing Innovation For Global Aviation Development'.

81. (c) সম্প্রতি ইউক্রেনের রাষ্ট্রপতি ভোলাদিমির জেলেনস্কি টাইম ম্যাগাজিনের বিচারে 'পার্সন অফ দ্য ইয়ার - ২০২২' হিসাবে নির্বাচিত হয়েছেন।

অ্যাচিভার্স

82. (c) ডি ই বি জেগারা সম্প্রতি পেরুর প্রথম মহিলা রাষ্ট্রপতি হিসাবে নির্বাচিত হয়েছেন।

83. (b) ৮ ডিসেম্বর সারা দেশজুড়ে ২৬২তম 'ইন্ডিয়ান আর্মি সার্ভিস কর্পস ডে' পালিত হল। অ্যাচিভার্স

84. (b) ৮ ডিসেম্বর জম্মু ও কাশ্মীর এবং লাদাখ হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন তাসি রাবস্টান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আলি মহম্মদ ম্যাগরেয়নের স্থলাভিষিক্ত হলেন।

85. (b) সম্প্রতি RBL Bank, Paisabazaar.com-এর যৌথ সহযোগিতায় 'Duet' নামক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করল।

86. (c) সম্প্রতি অস্ট্রেলিয়ার কিংবদন্তী টেনিস তারকা অ্যাসলেগ বার্টি সেদেশের মর্যাদাপূর্ণ 'ডন অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন। তিনি ২০১৯ সালের পর দ্বিতীয়বার এই পুরস্কারে ভূষিত হলেন।

87. (c) সম্প্রতি পর্তুগালের লিসবনে অনুষ্ঠিত ২০২২ সালের ওয়ার্ল্ড ডায়াবেটিস কংগ্রেস-এ সর্ব সম্মতিক্রমে ইন্টারন্যাশনাল ডায়াবেটিক ফেডারেশনের বিশ্বব্যাপী দূত হিসাবে নিযুক্ত হলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অ্যাচিভার্স

88. (a) সম্প্রতি ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি সুস্মিতা শুক্লা ফেডেরাল রিজার্ভ ব্যাঙ্ক অফ নিউইয়র্কের ভাইস প্রেসিডেন্ট এবং সিওও হিসাবে নিযুক্ত হলেন।

89. (c) ৯ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ইন্টারন্যাশনাল অ্যান্টি কোরাপশন ডে'র এবছরের থিম হল— 'UNCAC at 20 : Uniting the World Against Corruption'.

90. (c) সম্প্রতি পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড গ্রাহকদের জন্য 'Roshni' নামক গৃহঋণ পরিষেবা চালু করেছে। এই স্কিমের আওতায় গ্রাহকরা ৫ থেকে ৩০ লক্ষ টাকা অবধি ঋণের সুবিধা পেতে পারে।

91. (d) সম্প্রতি তামিলনাড মার্কেন্টাইল ব্যাঙ্ক, বাজাজ অ্যালায়েন্স লাইফ ইন্সিয়োরেন্সের হাত ধরে বিমা জগতে প্রবেশ করেছে। এই পরিষেবাটি ৯ ডিসেম্বর থেকে কার্যকরী হয়েছে।

92. (c) সম্প্রতি মেঘালয় রাজ্য 'অ্যাডভোকেসি, কমিউনিকেশন অ্যান্ড সোশ্যাল মবিলাইজেশন' (ACSM) পুরস্কারের বেস্ট প্র্যাকটিস টিউবারকিউলোসিস বিভাগে পুরস্কৃত হয়েছে।

93. (c) সম্প্রতি ভারতীয় মহিলা শার্টলার মণীষা রামাদাস ২০২২ সালের বিডব্লিউএফ 'প্যারা ব্যাডমিন্টন প্লেয়ার অফ দ্য ইয়ার' বিভাগে পুরস্কৃত হলেন।

94. (b) ১ জানুয়ারি, ২০২৩ তারিখে ভারতীয় বংশোদ্ভূত বিশিষ্ট প্রকাশনা প্রশাসক নীহার মালভিয়া পেঙ্গুইন র‍্যান্ডম হাউসের সিইও হিসাবে নিযুক্ত হলেন। অ্যাচিভার্স

95. (c) ১০ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস ডে'র এবছরের থিম হল— 'Dignity, Freedom and Justice for All'.

96. (d) ১১ ডিসেম্বর হিমাচল প্রদেশের সপ্তম মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন সুখবীর সিং সুখু। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জয়রাম ঠাকুরের স্থলাভিষিক্ত হলেন।

97. (a) সম্প্রতি ভারতীয় অ্যাথলিট পি টি ঊষা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি বর্তমানে রাজ্যসভার সাংসদ হিসাবেও নিযুক্ত আছেন।

98. (a) ১১ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ইন্টারন্যাশনাল মাউন্টেন ডে'র এবছরের থিম হল– 'Women Move Mountain'.

99. (a) কে ভি সাজি NABARD-এর চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী তথা অস্থায়ী চেয়ারম্যান সুচিন্দ্রা মিশ্রর স্থলাভিষিক্ত হলেন।

100. (c) ডক্টর জেরেমি ফাররার 'হু'-এর প্রধান বিজ্ঞানী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর সৌম্য স্বামীনাথনের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

★★★